# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২৯]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ যারা প্রথম তাশাহহুদ ওয়াজিব মনে করেন না

باب مَنْ لَمْ يَرَ التَّشَهُّدَ الأَوَّلَ وَاجِبًا لأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ مِنَ الرَّكْعَتَيْنِ وَلَمْ يَرْجِعْ

---

আরবী

□□□۔ عَنْ عَبْدِ اللَّهِ ابْنِ بُحَيْنَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى بِهِمُ الظُّهْرَ، فَقَامَ فِي الرَّكْعَتَيْنِ الأُولَيَيْنِ، لَمْ يَجْلِسْ، فَقَامَ النَّاسُ مَعَهُ حَتَّى إِذَا قَضَى الصَّلاَةَ، وَانْتَظَرَ النَّاسُ تَسْلِيمَهُ، كَبَّرَ وَهُوَ جَالِسٌ، فَسَجَدَ سَجْدَتَيْنِ قَبْلَ أَنْ يُسَلِّمَ، ثُمَّ سَلَّمَ. (بخارى:□□□

বাংলা

৪৬৪) আব্দুল্লাহ বিন বুহায়না (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে নিয়ে যোহরের নামায আদায় করলেন। প্রথম দু’রাকআত পড়ে না বসে সরাসরি দাঁড়িয়ে গেলেন। লোকেরাও তাঁর সাথে দাঁড়িয়ে গেল। তিনি যখন নামায শেষ করলেন তখন লোকেরা তাঁর সালাম ফিরানোর অপেক্ষা করছিল, কিন্তু তিনি বসেই তাকবীর দিলেন এবং সালামের পূর্বে দু’টি সিজদা করলেন। অতঃপর সালাম ফিরালেন।

টিকাঃ ইমাম বুখারী এই হাদীছ দ্বারা প্রমাণ করতে চেয়েছেন যে, প্রথম তাশাহহুদ ফরয নয়। যদি ফরয হত তাহলে তিনি অবশ্যই তা পুনরাবৃত্তি করতেন। তবে অন্যান্য বর্ণনা হতে বুঝা যায় যে, প্রথম তাশাহহুদ ওয়াজিব। ভুল বশতঃ তা ছুটে গেলে সাহু সিজদার মাধ্যমে পূরণ করতে হবে।

## English

Whoever considered that the first Tashah-hud is not compulsory

Narrated `Abdullah bin Buhaina:

He said once the Prophet (ﷺ) led us in the Zuhr prayer and stood up after the second rak`a and did not sit down. The people stood up with him. When the prayer was about to end and the people were waiting for him to say the

Taslim, he said Takbir while sitting and prostrated twice before saying the Taslim and then he said the Taslim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু বুহায়নাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89762

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন